

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Garia Puja :

আজ রাজ্যের ঐতিহ্যবাহী গড়িয়া পূজা। রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগণ মেতে ওঠেন এই পূজায়। বিশেষত জনজাতি ও জমাতিয়া সম্প্রদায়ের কাছে এই পূজা বিশেষ তাৎপর্যপূর্ণ। পারিবারিক সুখ সমৃদ্ধি ও ভালো ফসলের কামনায় এই পূজার আয়োজন করা হয়। রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন অংশে এই পূজা উপলক্ষে বাঁশের কারুকাজময় মন্ডপ তৈরি করা হয়। জনজাতি অংশের জনগণ বিভিন্ন উপকরন সহ মণ্ডপে মণ্ডপে পূজো দেন। চিরাচরিত প্রথা অনুযায়ী জমাতিয়া সম্প্রদায়ের পরিচালক সংগঠন জমাতিয়া হদার উদ্যোগে চৈত্র সংক্রান্তি থেকে এই পূজা শুরু হয়। এবছর গোমতী জেলার পিত্রা এবং তেলিয়ামুড়ার গর্জনতলীর ওয়াকসিমালুঙ-এ এই উপলক্ষে বিশেষ পূজার আয়োজন করা হয়েছে। গ্রামে গড়িয়া দেবতাকে নিয়ে পরিক্রমার রীতি রয়েছে।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ওড়িশা সফর করবেন। সফরে রাষ্ট্রপতি রাউরকেলায় একটি জনসভায় প্ল্যানেটেরিয়াম ও বিজ্ঞান কেন্দ্র এবং নির্মল মুন্ডা পরিবেশ পার্ঠের উদ্বোধন করবেন। তিনি সেখানে একটি আদিবাসী জাদুঘর এবং সমন্বিত কমান্ড ও কন্ট্রোল সেন্টারেরও উদ্বোধন করবেন।

PM :

ভারত ও দক্ষিণ কোরিয়া ক্রীড়া, সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্প, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং শিল্প সহযোগিতা কমিটি প্রতিষ্ঠার ক্ষেত্রে সহযোগিতার জন্য চারটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। গতকাল নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জে মিয়ং-এর মধ্যে আলোচনার পর এগুলি স্বাক্ষরিত ও বিনিময় করা হয়। শ্রী মোদী বলেন কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর এবং তথ্যপ্রযুক্তি খাতে অংশীদারিত্বকে আরও গভীর করতে ভারত-কোরিয়া ডিজিটাল ব্রিজ চালু করা হচ্ছে। তিনি বলেন, ভারত ও কোরিয়া উভয় দেশই আগামী দশকের সাফল্যের ভিত্তি স্থাপন করছে।

Byte-PM

Mann Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

PM-Basava Jayanti :

বাসব জয়ন্তী উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জগতগুরু মহাত্মা বাসবেশ্বরের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। নিজের সামাজিক মাধ্যমে তিনি বলেন, ন্যায়ভিত্তিক সমাজ গঠনে তাঁর দৃষ্টিভঙ্গি এবং মানুষের ক্ষমতায়নে

তাঁর অবিচল প্রচেষ্টা সকলের জন্য চিরকাল অনুপ্রেরণা হয়ে থাকবে। এদিকে, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও বাসব জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেন, বাসবেশ্বরের আদর্শ ও চিরন্তন শিক্ষা আজও মানুষকে সহানুভূতিশীল, ন্যায়ভিত্তিক এবং সম্প্রীতিমূলক সমাজ গঠনের পথে পথপ্রদর্শন হিসেবে কাজ করছে।

Fire Service Week :

অগ্নিনির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তরের উদ্যোগে গতকাল অনুষ্ঠিত হয় অগ্নি নির্বাপক সপ্তাহের সমাপনী অনুষ্ঠান। এ বছর সপ্তাহটির মূল ভাবনা ছিল "নিরাপদ বিদ্যালয়, নিরাপদ হাসপাতাল ও অগ্নি নিরাপত্তা সচেতন সমাজ, অগ্নি প্রতিরোধে সশ্মিলিত প্রয়াস"। বাধারঘাট ফায়ার সার্ভিস ট্রেনিং সেন্টারে আয়োজিত এই অনুষ্ঠানে আগুন নেভানোর উপর একটি প্রতিযোগিতামূলক মহড়া অনুষ্ঠিত হয়। পরে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। এদিকে সিপাহীজলা জেলাতেও অগ্নি নির্বাপক সপ্তাহ শেষ হয়েছে। সমাপ্তি দিনে সোনামুড়া ফায়ার স্টেশনের উদ্যোগে স্থানীয় মোটর স্ট্যান্ডে অগ্নি সচেতনতামূলক এক আলোচনাচক্রের আয়োজন করা হয়।

Farmers Training :

গ্রীষ্মকালীন সঙ্কি চাষে বিভিন্ন উপায়ে পোকাকার আক্রমণের হাত থেকে রক্ষা পেতে কৃষকদের নিয়ে গতকাল কৃষি দপ্তরের উদ্যোগে দক্ষিণ জেলার বেতাগা গ্রাম পঞ্চায়েতে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কৃষি আধিকারিক অভিজিৎ মজুমদার কৃষকদের হাতে কলমে প্রশিক্ষণ দেন। শিবিরে আসা ৮৫ জন কৃষককে জৈব সারও প্রদান করা হয়।

Cultural Committee Meeting :

গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল জেলাভিত্তিক সাংস্কৃতিক উপকমিটি ও উদয়পুর মহকুমা ভিত্তিক সাংস্কৃতিক উপ-কমিটির সদস্য সদস্যদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলাতেই ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
